তারিখ 18 AUG 2016
পৃষ্ঠা ৩৫ কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# তারাগঞ্জে ৬টি বিদ্যালয়ে শিক্ষার্থীদের মোবাইল ব্যবহার নিষিদ্ধ

■ তারাগঞ্জ (রংপুর) সংবাদদাতা

তারাগঞ্জ উপজেলার ৬টি উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

বিদ্যালয়ের প্রধানরা জানান, প্রায়ই শিক্ষার্থীরা ইন্টারনেট সংযোগসহ ভিডিও মুঠোফোন নিয়ে বিদ্যালয়ে এসে গান শুনতো। এসব কারণে বিদ্যালয়ে শিক্ষার্থীদের মুঠোফোন নিষিদ্ধ করা হয়েছে।

বিদ্যালয়গুলো হলো— তারাগঞ্জ ও/এ মডেল উচ্চ বিদ্যালয়, ইকরচালী উচ্চ বিদ্যালয়, তেঁতুলতলা উচ্চ বিদ্যালয়, বরাতি উচ্চ বিদ্যালয়, ফাজিলপুর উচ্চ বিদ্যালয় ও কুর্শা আদর্শ উচ্চ বিদ্যালয়।